গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
**www.wewb.gov.bd**

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮-৩৬৩-৩৭৫ তারিখ: ১৪ জানুয়ারি ২০১৯

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ডিসেম্বর ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৮ জানুয়ারি ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা। | (ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী বিগত ডিসেম্বর ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ আরো বৃদ্ধি করার বিষয়ে গুরুত্বারোপ করেন। | প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ আরো বৃদ্ধি করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে প্রদান। | (ক) বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক ইএফটি (EFT) কার্যক্রম চালু করার জন্য মৃতের পরিবারের অনুকূলে প্রদত্ত চাহিদা পত্রে ব্যাংক হিসাব নম্বর ও সংশ্লিষ্ট ব্যাংক শাখার রাউটিং নম্বর সংযোজনের বিষয়ে নিশ্চিত হওয়ার বিষয়ে আলোচনা হয়। | (ক) মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে প্রদানের নিমিত্ত মৃতের পরিবারের অনুকূলে প্রদত্ত চাহিদা পত্রে ব্যাংক হিসাব নম্বর ও সংশ্লিষ্ট ব্যাংক শাখার রাউটিং নম্বর সংযোজনের বিষয়ে নিশ্চিত হতে হবে। | পরিচালক (আইআরপি) ও সিস্টেম এ্যানালিস্ট |
| | | (খ) মহাপরিচালক মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে সরাসরি প্রদানের নিমিত্ত আরো অধিকতর স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে করণীয় বিষয়ে জানতে চাইলে সিস্টেম এ্যানালিস্ট বলেন, অত্র দপ্তর হতে ইআরপির মাধ্যমে নথি অনুমোদনের সময়ে মৃতের পরিবারের মোবাইলে ১টি মেসেজ ও চেক প্রস্তুত/ ব্যাংকে এ্যাডভাইজ প্রেরণকালীন ১টি মেসেজ অর্থাৎ পর পর ২(দুই) টি মেসেজ | (খ) মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে সরাসরি প্রদানের নিমিত্ত আরো অধিকতর স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে মৃতের পরিবারের মোবাইলে মেসেজ প্রেরণ ও ব্যাংক হতে ইএফটি'র মাধ্যমে অর্থ প্রেরণ সংক্রান্ত মেসেজ এবং প্রতি মাসে ব্যাংক হতে আর্থিক অনুদান প্রদান | পরিচালক (আইআরপি) ও সিস্টেম এ্যানালিস্ট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | যাবে এবং ব্যাংক হতে ইএফটি'র মাধ্যমে অর্থ প্রেরণ সংক্রান্ত বিষয়ে মৃতের পরিবারের মোবাইলে আরো ১টি মেসেজ পাঠানো হবে। তাছাড়া প্রতি মাসে ব্যাংক হতে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত পরিশোধিত অর্থের বিবরণী হিসাব শাখা কর্তৃক সংগ্রহপূর্বক তা নিরীক্ষান্তে অনুদান প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | সংক্রান্ত পরিশোধিত অর্থের বিবরণী হিসাব শাখা কর্তৃক সংগ্রহপূর্বক তা নিরীক্ষান্তে অনুদান প্রদানের বিষয়ে নিশ্চিত হতে হবে। | |
| ৩.০ | বিদেশ হতে আগত গুরুতর অসুস্থ কর্মীদের চিকিৎসা প্রদানের লক্ষ্যে ঢাকা মেডিক্যাল কালেজ হাসপাতাল এর সাথে একটি সমঝোতা স্মারক / চুক্তিনামা। | বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক ঢাকা মেডিক্যাল কলেজ, হাসপাতালে বিদ্যমান বিশেষ জরুরি সেবা (ওসিসি) সেন্টারে বিদেশ হতে আগত গুরুতর অসুস্থ কর্মীদের সাময়িক চিকিৎসা সেবা প্রদানের জন্য পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও উপ-পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও প্রশিক্ষণ)) ঢাকা মেডিক্যাল কলেজ, হাসপাতালে সরাসরি গমনপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত একটি সমঝোতা স্মারক / চুক্তিনামা সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | ঢাকা মেডিক্যাল কলেজ, হাসপাতালে বিদ্যমান বিশেষ জরুরি সেবা (ওসিসি) সেন্টারে বিদেশ হতে আগত গুরুতর অসুস্থ কর্মীদের সাময়িক চিকিৎসা সেবা প্রদানের জন্য পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও উপ-পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও প্রশিক্ষণ)) ঢাকা মেডিক্যাল কলেজ, হাসপাতালে সরাসরি গমনপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত একটি সমঝোতা স্মারক / চুক্তিনামা সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও উপ-পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও প্রশিক্ষণ) |
| ৪.০ | প্রবাস বন্ধু কল সেন্টারের কার্যক্রম বৃদ্ধি। | (ক) বিগত সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক প্রবাস বন্ধু কল সেন্টার সকাল ৭.০০ টা থেকে দুপুর ২.০০ টা এবং দুপুর ২.০০ টা থেকে রাত ৯.০০ টা পর্যন্ত ২ (দুই) সিফ্‌টে চালু করার জন্য প্রয়োজনীয় জনবল সংস্থানপূর্বক দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়।<br><br>(খ) বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী তিন ডিজিটের নম্বর ব্যবহার করার জন্য পরিচালক (আইআরপি) বিটিসিএল এর সাথে যোগাযোগ করেন। যোগাযোগ করে জানা যায় যে, জাতীয় গুরুত্বপূর্ণ ইস্যু ব্যতিত তিন ডিজিটের সংখ্যা প্রদান করা সম্ভব নয়। প্রবাসীদের কষ্টার্জিত রেমিটেন্সের মাধ্যমে জাতীয় অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদানের বিষয়টি বিস্তারিত উল্লেখপূর্বক তিন ডিজিটের (টোল ফ্রি) নম্বর প্রদানের বিষয়ে বিবেচনা জন্য বিটিসিএলে পত্র দেয়ার বিষয়ে আলোচনা হয়। | (ক) প্রবাস বন্ধু কল সেন্টার সকাল ৭.০০ টা থেকে দুপুর ২.০০ টা এবং দুপুর ২.০০ টা থেকে রাত ৯.০০ টা পর্যন্ত ২ (দুই) সিফ্‌টে চালু করার জন্য প্রয়োজনীয় জনবল সংস্থানপূর্বক দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) প্রবাসীদের কষ্টার্জিত রেমিটেন্সের মাধ্যমে জাতীয় অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদানের বিষয়টি বিস্তারিত উল্লেখপূর্বক তিন ডিজিটের (টোল ফ্রি) নম্বর প্রদানের বিষয়ে বিটিসিএলে পত্র দিতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | কর্মকর্তা/কর্মচারীদের তাদের নিজ নিজ পিডিএস (PDS) সঠিকভাবে পূরণ। | ইআরপি সফট্‌ওয়ার সম্পূর্ণরূপে ব্যবহার করার জন্য প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীদের তাদের নিজ নিজ পিডিএস (PDS) সঠিকভাবে সংশোধনপূর্বক নিশ্চিত হয়ে আইটি শাখায় মতামত প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ইআরপি সফট্‌ওয়ার সম্পূর্ণরূপে ব্যবহার করার জন্য প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীদের তাদের নিজ নিজ পিডিএস (PDS) সঠিকভাবে সংশোধনপূর্বক নিশ্চিত হয়ে আইটি শাখায় মতামত প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৬.০ | কনফারেন্স রুম প্রশস্ত করণ। | উপ-পরিচালক (কল্যাণ) জনাব শরিফুল ইসলাম বলেন, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জনবল বৃদ্ধি পাওয়ায় বিদ্যমান কনফারেন্স রুমে জায়গা সংকুলান হচ্ছে না। ফলে বিভিন্ন সভা সেমিনারে বহু কর্মকর্তা/ কর্মচারীদের দাঁড়িয়ে থাকতে হয়। কনফারেন্স রুমটি সম্প্রসারণের জন্য ইতোমধ্যে সমন্বয় সভায় সিদ্ধান্ত গৃহীত হলেও তার কার্যত অগ্রগতি হয়নি। বিদ্যমান কনফারেন্স রুম প্রশস্ত করণের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুতপূর্বক জরুরিভিত্তিতে কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | কল্যাণ বোর্ডের বিদ্যমান কনফারেন্স রুম সম্প্রসারণের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুতপূর্বক জরুরিভিত্তিতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৭.০ | বিবিধ। | বিদেশ গমনেচ্ছু কর্মীদের বহির্গমন ছাড়পত্র প্রদানের সময়ে প্রবাস বন্ধু কল সেন্টারের নম্বর সম্বলিত স্টিকার সংশ্লিষ্ট পাসপোর্টে সংযোজন করার বিষয়ে আলোচনা হয়। | বিদেশ গমনেচ্ছু কর্মীদের বহির্গমন ছাড়পত্র প্রদানের সময়ে প্রবাস বন্ধু কল সেন্টারের নম্বর সম্বলিত স্টিকার সংশ্লিষ্ট পাসপোর্টে সংযোজনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মাষ্টার নথি/২০১৮।